
# প্রেরিতরা প্রাচীনদের যা করতে বলেছিলেন ঈশ্বরের পালকগণ তাই-ই করেন।

ছোটদের যারা শিক্ষা দেন তাদের P1b অধ্যয়ণ করা উচিত।



“অতএব তোমাদের মধ্যে প্রাচীনবর্গ আছেন, তাহাদিগকে আমি সহপ্রাচীন, খ্রীষ্টের দুঃখভোগে-র সাক্ষী, এবং প্রকাশি তব্য ভাবী প্রতাপের সহভাগী আমি বিনতি করিতেছি; তোমাদের মধ্যে ঈশ্বরের যেপাল আছে, তাহা পালন কর; অধ্যক্ষের কার্য্য কর, অবশ্যকতা প্রযুক্ত নয়, কিন্তু ইচ্ছা পূর্ব্বক ঈশ্বরের অভিমতে, কুৎসিত লাভার্থে নয়, কিন্তু উৎসুক ভাবে কর; নিরূপিত অধিকারের উপরে কর্তৃত্বকারীরূপ নয়। কিন্তু পালের আর্দশ হইয়াই কর, তাহাতে প্রধান পালক প্রকাশিত হইলে তোমরা অম্লান প্রতাপমুকুট পাইবে।” (১ পিতর ৫ঃ১-৪)

**প্রার্থনা ঃ** “হে প্রভু, আমাদের অর্থাৎ তোমার প্রাচীনদের সাহায্য কর, যাতে আমরা তুমি যে পালকে আমাদের যত্নে পালিত হবার জন্য সঁপেছো তার যেন পালকত্ব করতে পারি।”

১. **পালকীয় কর্তব্যগুলি পালন করার জন্যে ঈশ্বরের বাক্যসহ প্রস্তুত হন।**

**কর্তব্য সমূহ ঃ**

তার বাক্য এবং নিজের উদাহরণ দ্বারা পৌল প্রাচীনদের যে সমস্ত নির্দেশ দান করেছিলেন তা **প্রেরিত ২০ঃ১৭-৩৮** অংশে অন্বেষণ করুন ঃ



- যে পরিবেশে প্রাচীনরা শিক্ষা দেন।(২০ পদ)
- প্রাচীনদের যা ঘোষণা করতে হবে।(২৭ পদ)
- প্রাচীনদের যে জন্য অবশ্যই সতর্ক থাকতে হবে।(২৮-২৯ পদ)
- কেন্দুয়ারা যেখানে আবির্ভুত হতে পারে।(৩০-৩১)
- ইফিষীয়তে থাকাকালীন পৌল যে ভাবে বেঁচে থাকার জন্য উপার্জন করতেন।(৩৩-৩৫)
- প্রাচীনরা যে ভাবে তাদের শিক্ষনগুরুর প্রতি তাদের প্রেমকে দেখিয়েছিল।(৩৬-৩৮)

**তীত ১ঃ৫-৯** অংশে প্রাচীনদের নিযুক্তিকরণ এর কারণ এবং তাদের যোগ্যতাগুলি অন্বেষণ করুন ঃ

- ক্রীতীর প্রত্যেকটি নগরে তীতকে যা করতে হত।(৪-৫)
- প্রাচীনদের যোগ্যতাসমূহ।(৬-৯)

অনুগ্রহ করে কিছুটা সময় নিন, এবং প্রার্থনা সহকারে, পৌল পালকদের জন্য যে চারিত্রিক গুনাবলির তালিকা দিয়েছেন তা পর্যালোচনা করুন। এর মধ্যে দুই অথবা তিনটি সেই গুনাবলিকে বেছে নিন যেগুলি আপনার আরও বেশী করে উন্নতি করা প্রয়োজন।




**“কেননা ইহা আবশ্যক যে অধ্যক্ষ ঈশ্বরের ধনাধ্যক্ষ বলিয়া অনিন্দনীয় হন .... সংযত হন” তীত ১ঃ৭-৮**

নেতাদের জন্য এই প্রয়োজনগুলি **ইফিষীয় ৪ঃ১১-১২** অংশে অন্বেষণ করুন।(পদগুলির মধ্যে উত্তর খুঁজুন)

- আপনার শিক্ষা বিশ্বাসীদের যা করতে সমর্থ করবে।(১১-১২ পদ)
- আপনার নেতৃত্বের জন্য ঈশ্বরের উদ্দেশ্য।(১৩ পদ)
- শিক্ষার পরিপ্রেক্ষীতে আপনার নেতৃত্বের ফলাফল।(১৪ পদ)
- বিশ্বাসীরা যে ভাবে কথা বলে তার পরিপ্রেক্ষীতে যে ফল উৎপন্ন হয়।(১৫ পদ)
- বিশ্বাসীরা একে অন্যের প্রতি যে ভাবে ব্যবহার প্রদান করে এবং তার পরিপ্রেক্ষীতে যে ফল উৎপন্ন হয়।(১৬ পদ)

মন্দ আচার আচরণের রির্পোটগুলির সাথে প্রাচীনদের কি ভাবে ওঠাবসা করতে হবে মথি ১৮ঃ১৫-১৭ অংশে অন্বেষন কর ঃ

কোনও অভিযোগকে নিয়ে কাজ করার আগে, সেটির প্রতি কি করা উচিত?




২. **সপ্তাহের কার্যকলাপের বিষয়ে আপনার সহকর্মীদের সাথে পরিকল্পনা করুন।**

আপনার পালকীয় কর্তব্যগুলি পালন করার ব্যাপারে ঈশ্বরের সাহায্যের জন্য প্রার্থনা কর।

আপনার পালের মধ্যে কোন পরিচর্য্যাগুলিতে দৃষ্টি দেওয়া প্রয়োজন তা অনুধাবন করুন এবং সেগুলি উন্নতির ব্যাপারে পরকিল্পনা করুনঃ

পরামর্শ দান, আক্রমন না করে সংশোধন করুন। এবং যারা সমস্যায় আছে অথবা যারা ছিন্নভিন্ন মেষ তাদের পুনরায় প্রশমিত এবং সংগ্রহ কর। ১ করিন্থীয় ৫; গালাতীয় ৬ঃ১-২

বিবাহিত এবং পারিবারিক জীবনকে সুদৃঢ় কর, ইফিষীয় ৫ঃ২১-৬ ৪

বিশ্বাসীদেরকে প্রতিদিন প্রার্থনা করতে এবং ব্যাক্তিগত এবং পারিবারিক দৈনন্দিন আরাধনাতে সময় নিরূপন করতে সাহায্য করুন। ১ থিষলনীকীয় ৫ঃ১৭।

অসুস্থদের জন্য যাদের প্রয়োজন আছে তাদের জন্য এবং যারা সুবিচার পায়না তাদের জন্য প্রার্থনা করুন। আদি পুস্তক ১৮ঃ২০-৩৩; যাকোব ৫ঃ১৪-১৫।

মন্ডলীতে এবং বৃহৎ সম্প্রদায়ের মধ্যে যাদের প্রয়োজন আছে তাদের সেবা করুন। প্রেরিত ৬ঃ১-৬; গালাতীয় ৬ঃ১০

দান করুন, তাঁর অধ্যক্ষ হিসাবে ঈশ্বর আমাদের যা দিয়েছেন তা প্রদান কর। লূক ৬ঃ৩৮; মথি ২৫ঃ১৪-৩০

সংঘবদ্ধ কর যাতে সবাই তাদের অনুগ্রহদানগুলি দিয়ে ঐক্যে একই দেহে পরিচর্য্যা করতে পারে। ১ করিন্থীয় ১২

একে অন্যকে পরিচর্য্যা কর, নিজ পালগুলির এবং অন্যান্য পালগুলির মধ্যে। ১ করিন্থীয় ১২; ইফিষীয় ৪ঃ১১-১৬; রোমীয় ১২ঃ৪-১৬

পালের সদস্যদের মধ্যে প্রেমের সহভাগীতা গড়ে তুলুন। রোমীয় ১২ঃ৩-২১; ১ করিন্থীয় ১৩

আরাধনা কর, একই দেহরূপে এবং প্রভুর ভোজসহ। মথি ২৬ঃ২৬-২৮; ইব্রীয় ১০ঃ২৫; প্রেরিত ২ঃ৪৬; ২০ঃ৭

লোকদের যীশুর সম্বন্ধে বলুন। লূক ২৪ঃ৪৬-৪৮ প্রেরিত ১ঃ৮; ২ তীমথিয় ৪ঃ৫

শিষ্য তৈরী করুন, যারা যীশু যা আদেশ করেছেন তা করবে। মথি ২৮ঃ১৮-২০ (উদাহরণ প্রেরিত ২ঃ৩৭-৪৭)

পরিচর্য্যার জন্য বিশ্বাসীদের সুসজ্জিত করতে বাক্যকে ব্যবহার কর। ১ তীমথিয় ৩ঃ১৬-১৭; যাকোব ১ঃ২২-২৬; ইফিষীয় ৪ঃ১১-১২

যেখানে লোকেরা অবহেলিত হচ্ছে সেখানে নতুন পাল গঠন কর। প্রেরিত ১৩ ও ১৪ অধ্যায়।

যারা অবহেলিত এবং যারা গ্রহন করে তাদের প্রতি "প্রেরিতদের" প্রস্তুত ও প্রেরণ করুন। মথি ২৮ঃ১৮-২০; প্রেরিত ১ ৮; ১৩ঃ১-৩।

শিক্ষানবীশ পালক এবং প্রেরিতদের করুন। মার্ক ৩ঃ১৪; তীত ১ঃ৫; ২ তীমথিয় ২ঃ২ পরামর্শ দান।

৩. **আসন্ন আরাধনার সময়ের কার্যকলাপের বিষয়ে সহকর্মীদের সাথে পরিকল্পনা করুন।**

প্রেরিত ২০ঃ১৭-৩৮ অংশ থেকে ইফিষীয় প্রাচীনদের সাথে পৌলের মিটিং সম্পর্কে বলুন। যে প্রশ্নগুলি পেয়েছেন সেগুলি সম্পর্কে জিজ্ঞাসা করুন (ভাগ ১)।

পালকীয় প্রাচীনবর্গদের যোগ্যতা এবং দায়িত্বগুলি ব্যাখ্যা করুন।

যে পরিচর্যাগুলির বৃদ্ধির প্রয়োজন আছে সেগুলির জন্য আপনি যে পরিকল্পনা করেছেন তা ঘোষনা এবং সে গুলিকে প্রয়োগ করুন। (ভাগ ২)।

প্রভুর ভোজের পরিচিতি করণের জন্য যোহন ১০ঃ১১-১৫ এবং ২৭-৩০ পদগুলি পাঠ করুন। ব্যাখ্যা করুন যে যীশু হলেন উত্তম মেষপালক যিনি তাঁর রক্তকে তাঁর মেষদের জন্য পতিত করেছিলেন, এবং সেই মেষরা হলাম আমরা।

ছোটরা যা কিছু প্রস্তুত করেছে তা তাদেরকে উপস্থাপন করতে দিন। (New Shepherd's Study, র ক্ষেত্রে যেমন তেমনি ঠিক একই ভাবে ছোটদের যিনি শিক্ষক তিনি সর্বদা Paul-Timothy Children's Study থেকে একই নম্বর এবং বিষয়কে ব্যবহার করবেন।)

প্রার্থনা করতে, একে অন্যকে উৎসাহ প্রদান এবং পরিকল্পনা গ্রহন করতে, দুই অথবা তিনজনকে নিয়ে দল তৈরী করুন।

যিরমিয় ৩ঃ১৫ পদ একত্রে মুখস্থ কর।

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net